

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

২৬ ডিসেম্বর ২০১৩

তারিখ : -----

১২ পৌষ, ১৪২০

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী
বাংলাদেশে নিবন্ধিত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংকের পরিচালনা-পর্ষদের সভায় বহিরাগত ও অসদস্যদের উপস্থিতি
এবং পরিচালকদের সম্মানীর অতিরিক্ত সুবিধা প্রদান পরিহার প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা গিয়েছে যে, কতিপয় ব্যাংকের পরিচালনা-পর্ষদ সভায় অসদস্য ব্যক্তিগণ যেমন, কোন বহিরাগত ব্যক্তি, শেয়ারহোল্ডার উপস্থিত থেকে সভায় অংশগ্রহণ করছেন। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, ব্যাংকের পরিচালনা-পর্ষদের সভায় ব্যাংকের পরিচালকগণ ব্যতীত কেবলমাত্র ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিবের উপস্থিতি কাম্য। এতদ্ব্যতীত, পর্ষদ বা পর্ষদের সহায়ক কমিটির আহ্বানক্রমে ব্যাংকের কোন কর্মকর্তা তাঁর সংশ্লিষ্ট কোন বিষয় উপস্থাপনকালে উক্ত সভায় উপস্থিত থাকতে পারবেন (পূর্ণকালীন সময়ের জন্য নয়)। কোন পরিস্থিতিতেই কোন বহিরাগত ব্যক্তি বা শেয়ারহোল্ডার যাতে পরিচালনা-পর্ষদ ও পর্ষদের সহায়ক কমিটির সভায় উপস্থিত না থাকেন তা নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

এছাড়া, কতিপয় ব্যাংক তাদের পরিচালকদের বিধি মোতাবেক প্রদেয় সম্মানীর অতিরিক্ত আর্থিক সুবিধাও প্রদান করছে বলে জানা গিয়েছে। উল্লেখ্য, ব্যাংক-কোম্পানী আইন ১৯৯১ এর ধারা ১৮ এর উপ-ধারা (১) এ সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে, ব্যাংক-কোম্পানীর কোন পরিচালক ব্যাংকের পরিচালনা-পর্ষদের সভায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত ফিস ব্যতীত অন্য কোন আর্থিক বা অন্য কোন সুযোগ-সুবিধা গ্রহণ করবেন না। ব্যাংক-কোম্পানী আইনের উক্ত ধারার বিধি-বিধান কঠোরভাবে অনুসরণ নিশ্চিত করার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

এই সার্কুলার ব্যাংকের পরিচালনা-পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৫৫।